গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

# টেলিযোগাযোগ অধিদপ্তরের ২৯ তম মাসিক সমন্বয় সভার কার্য্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ কামরুজ্জামান<br>অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), টেলিযোগাযাগ অধিদপ্তর। |
| সভার তারিখ | ২৭/১০/২০২১ খ্রিঃ |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | সভা কক্ষ (কক্ষ নং-৪০৩), টেলিযোগাযোগ অধিদপ্তর, ৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, তেজগাঁও, ঢাকা। |
| উপস্থিতি | অধিদপ্তরের সহকারী পরিচালক/ সমপর্যায় হতে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণ (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)। |

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | সেপ্টেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়করণ | সভায় অংশগ্রহণকারী সকলের নিকট পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সর্বসম্মতি চাওয়া হলে কোন সংশোধন না থাকায় গত ২৩/০৯/২০২১ তারিখ ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যায়। | কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত ২৩/০৯/২০২১ তারিখ ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | অধিদপ্তরের সকল কর্মকর্তা |
| ০২ | টেলিযোগাযোগ অধিদপ্তরের মুজিব বর্ষের কর্মসূচী পালন | ক) ১৫ নভেম্বর, ২০২১ তারিখে বাংলাদেশে টেলিযোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং বঙ্গবন্ধুর দূরদর্শীতা শীর্ষক সেমিনার আয়োজন।<br><br>খ) ১৬ ডিসেম্বর, ২০২১ মহান বিজয় দিবস উৎযাপন উপলক্ষ্যে আলোচনা সভা এবং রচনা প্রতিযোগিতার আয়োজন। | ক) সেমিনারের জন্য গঠিত কমিটি জুম এপ্লিকেশন প্লাটফরমে মাননীয় মন্ত্রি, ডাক ও টেলিযোগাযাগ বিভাগ মহোদয়কে প্রধান অতিথি করে সেমিনারের আয়োজন করবে।<br><br>খ) অনলাইনে আলোচনা সভা এবং রচনা প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে একটি কমিটি গঠণ করতে। আলোচনা সভা, রচনা আহ্বান জুম এপ্লিকেশন প্লাটফরমে অনুষ্ঠিত হবে। | ক) অতিরিক্ত মহাপরিচালক (রেগুলেটরি) ও আহ্বায়ক, সেমিনার আয়োজক কমিটি<br><br>খ) পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | সিটিডিআর প্রকল্প ও সিটিডিআর সেন্টারের দৈনন্দিন অপারেশনাল কার্যক্রম | মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্ঠা মহোদয়ের সিদ্ধান্ত মোতাবেক মাননীয় মন্ত্রি, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ মহোদয়ের অনুমোদনক্রমে রাষ্ট্রের ক্ষতিকর কন্টেন্ট বন্ধের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। সিটিডিআর সেন্টারের ক্যাপাসিটি সম্প্রসারণের জন্য টেলিযোগাযোগ অধিদপ্তরের বরাদ্দকৃত বাজেটে স্পেশিফিকেশন কমিটি স্পেক তৈরি করেছেন। বিটিআরসির নির্দেশনা মোতাবেক ১৭৭ টি অনলাইন নিউজ বন্ধ করা হয়েছে। পিসিআর প্রতিবেদন আইএমইডির সুপারিশকৃত ইকুইপমেন্ট ও ০৪ টি গাড়ী টিওএন্ডইভুক্তকরণের কাজ চলমান রয়েছে। এছাড়া সিটিডিআর সেন্টারের সম্পদ বিবরণী নির্দেশনা মোতাবেক তৈরি করা হয়েছে। ফায়ার ফাইটিং সিস্টেম চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। সিটিডিআর সেন্টারের সীমিত রিসোর্স দিয়ে আইআইজিসমূহের ক্রমবর্ধমান চাহিদা পূরণ করা হচ্ছে। সিটিডিআর সেন্টারের খসড়া এসওপি প্রণয়ন করা হয়েছে যা চুড়ান্ত করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। | মাননীয় মন্ত্রি, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ মহোদয়ের অনুমোদনক্রমে সিটিডিআর সেন্টার রাষ্ট্রের ক্ষতিকর বন্ধের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। সিটিডিআর সেন্টারের ক্যাপাসিটি সম্প্রসারণের বিষয়ে টেলিযোগাযোগ অধিদপ্তরের বরাদ্দকৃত বাজেটের আওতায় স্পেশিফিকেশন অনুমোদন করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। সিটিডিআর সেন্টারের ইকুইপমেন্ট ও গাড়ীসমূহ টিওএন্ডইভুক্তকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। সিটিডিআর সেন্টারের ফায়ার ফাইটিং সিস্টেম চালুর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। সিটিডিআর সেন্টার পরিচালনার জন্য এসওপি বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) এবং অতিরিক্ত দায়িত্ব সিটিডিআর সেন্টার |
| ০৪ | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের মাসিক প্রতিবেদন। | পাঠ্যসূচীর ডিজিটাল কন্টেন্ট প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গিয়াছে। ফলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রির নির্দেশনা মোতাবেক জানুয়ারী, ২০২২ মাস থেকে সকল স্কুলে প্রকল্পের পুরোধমে শুরু করার নিমিত্তে প্রাথমিকভাবে ঢাকা জেলার পার্শ্ববর্তী ২০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ শুরু করে পর্যায়ক্রমে দূর্গম এলাকায় কাজ বাস্তবায়ন করা যেতে পারে। প্রকল্পের কাজ মনিটরিংয়ের জন্য একটি সফটওয়্যার নেয়া হয়েছে যার মাধ্যমে সাইটে বাস্তবায়নাধীন কাজের অগ্রগতি তাৎক্ষণিকভাবে জানা সম্ভব হবে। | পাঠ্যসূচীর কন্টেন্ট অনুমোদন হওয়ায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও ণালয়কে ধন্যবাদ জানানো হয়। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য অনুমোদিত স্পেশিফিকেশন অনুসরণের তাগিদ প্রদান করা হয়। দূর্গম এলাকায় ওয়েব বেইজ সফটওয়্যারে কাজের অগ্রগতির ইনপুট প্রদানের নিমিত্তে মোবাইলে পর্যাপ্ত ডাটা প্রদানের ব্যবস্থা রাখতে হবে। | পরিচালক (আন্তর্জাতিক টেলিকম সংস্থা) এবং প্রকল্প পরিচালক, সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | সেপ্টেম্বর/ ২০২১ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | প্রশাসন ও অর্থ বিভাগের আওতায় প্রদত্ত বিবিধ সেবা সমূহের সেপ্টেম্বর, ২০২১ মাসের প্রতিবেদন জনাব আবু তালেব, পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) সভায় উপস্থাপন করা হয় (কপি সংযুক্ত)। পিআরএলগামীগণের অধিদপ্তরে ১৫ দিন পূর্বে অধিদপ্তরে যোগদান করা প্রয়োজন। সিএএন্ডএফও অফিসে পেন্ডিং ৬৪ টি এবং অধিদপ্তরে পেন্ডিং ১৪ টি পেনশন কেইস নিষ্পত্তির বিষয়ে অর্থ বিভাগ ও সিএএন্ডএফও অফিসের মধ্যে কার্যকর সমন্বয়ের প্রয়োজন। | অধিদপ্তরে পিআরএলগামী এবং অন্যান্য সকল স্তরে সেবা প্রত্যাশীগণকে যথাযথ সেবা প্রদানের বিষয়ে সার্ভিস ট্র্যাকিং সফটওয়্যারের আওতায় আনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। অধিদপ্তর ও সিএএন্ডএফও অফিসের মধ্যে পেন্ডিং পেনশন কেইস নিষ্পত্তির বিষয়ে সমন্বয়ের কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) ও আহ্বায়ক, সেবা মনিটরিং কমিটি/ পরিচালক (প্রশাসন)/ পরিচালক (অর্থ) |
| ০৬ | পদোন্নতি, সিলেকশন গ্রেড, উচ্চতর গ্রেড ও টাইমস্কেল মঞ্জুরী সংক্রান্ত | জনপ্রশাসনের উপসচিব পদে নিয়োগের জন্য বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারের যোগ্য ১৯ (উনিশ) জন কর্মকর্তার আবেদন পাওয়া গিয়েছে। এসিআর, বিভাগীয়/ দুর্নীতি মামলার তথ্য চূড়ান্ত করে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। বিভাগীয় প্রকৌশলী পদে পদোন্নতি এবং নন-ক্যাডার কর্মকর্তাগণের ৪র্থ গ্রেডে উচ্চতর স্কেল মঞ্জুরীর প্রস্তাবনা চুড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য উপস্থাপন করা হয়েছে। কর্মচারীগণের উচ্চতর স্কেল মঞ্জুরীর ১৯৯ টি আবেদনের মধ্যে বাছাই করে ১২৫ টি কাগজপত্রের ঘাটতি সনাক্ত হয়েছে যা প্রেরণের জন্য চিঠি প্রেরণ করা হয়েছে। সহকারী প্রকৌশলী পদে নিয়মিতকরণের আবেদন মঞ্জুরীর নিমিত্তে একটি চেকলিষ্ট তৈরি করে ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়েছে। | জনপ্রশাসনের উপসচিব পদে নিয়োগের জন্য বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারের যোগ্য কর্মকর্তার আবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। বিভাগীয় প্রকৌশলী পদে পদোন্নতি এবং নন-ক্যাডার কর্মকর্তাগণের ৪র্থ গ্রেডে উচ্চতর স্কেল মঞ্জুরীর প্রস্তাবনা চুড়ান্ত করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। কর্মচারীগণের উচ্চতর স্কেল মঞ্জুরীর সকল আবেদন যাচাই-বাছাই করে নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (নিয়োগ) |
| ০৭ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিত্র) | ক) দেশের টেলিযোগাযোগ অবকাঠামো, যন্ত্রপাতি, সেবা ও পদ্ধতিতে প্রমিত মান নিশ্চিতকরণে ডিওটির কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন।<br><br>খ) সরকারি ও বেসরকারি টেলিযোগাযোগ সেবা পরিচালনকারীর অবকাঠামো ও সেবার বিস্তৃতি, সেবার মান ও গ্রাহক সন্তুষ্টি ইত্যাদি বিষয়ে সমীক্ষা পরিচালনার নিমিত্তে অনলাইনে গ্রাহকের নিকট হতে মতামত গ্রহণের নিমিত্তে কারিগরি উইংয়ের আওতায় একটি সফটওয়্যার তৈরি করা হচ্ছে। নির্ধারিত টেমপ্লেট ও ফরমে গ্রাহকগণ অনলাইনে তাঁদের মতামত প্রদান করতে পারবেন। | ক) দেশের টেলিযোগাযোগ অবকাঠামো, যন্ত্রপাতি, সেবা ও পদ্ধতিতে প্রমিতমান নিশ্চিত করণে অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি) আগামী সমন্বয় সভায় একটি প্রতিবেদন/ ধারণাপত্র উপস্থাপন করবেন।<br><br>খ) সরকারী ও বেসরকারি টেলিযোগাযোগ সেবা পরিচালনাকারীর অবকাঠামো ও সেবার বিস্তৃতি, সেবার মান ও গ্রাহক সন্তুষ্টি ইত্যাদি বিষয়ে সমীক্ষা পরিচালনার নিমিত্তে অধিদপ্তরে গৃহীত কার্যক্রমের প্রতিবেদন ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণ করতে হবে। | ক) অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি) ও আহ্বায়ক, গঠিত কমিটি<br><br>খ) পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (ইউএসওএফ ব্যবস্থাপনা) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম | ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের অনলাইন সেবা ট্র্যাকিং সিস্টেমের জিপিএফ এবং বিল মঞ্জুরীর সেবার পাইলটিং কার্যাক্রমের শুভ উদ্বোধনী অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয় কর্তৃক করা হয়েছে।<br><br>খ) বিদ্যমান ভাল অভ্যাস (Best Practice)/ কার্যক্রমসমূহের প্রসার (enhance) এবং সেবাগ্রহীতাকে অবহিতকরণ শীর্ষক কাজে নভেম্বর ২০২১ মাসে একটি প্রেজেন্টেশন সভা আয়োজনের লক্ষ্যে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এ পর্যন্ত নতুন কোন প্রতিবেদন পাওয়া যায় নাই।<br><br>গ) কারিগরি ও নীতি-সহায়তা সংক্রান্ত দায়িত্ব পালন-পদ্ধতি লিপিবদ্ধকরণ ও সহকর্মীদের মধ্যে অবহিতকরণ শীর্ষক কাজে ২য় কোয়ার্টারে ১টি এবং ৪র্থ কোয়ার্টারে ১টি প্রতিবেদন প্রদান আবশ্যক। নভেম্বর ২০২১ মাসে আরেকটি প্রেজেন্টেশন সভা আয়োজনের লক্ষ্যে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়েছে। এ পর্যন্ত নতুন কোন প্রতিবেদন পাওয়া যায় নাই। | ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের অনলাইন সেবা ট্র্যাকিং সিস্টেমে পর্যায়ক্রমে সকল সেবাসমূহ অন্তর্ভুক্তকরণের জন্য গঠিত কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।<br><br>খ) প্রেজেন্টেশনে প্রাথমিকভাবে উপস্থাপিত প্রস্তাবনাসমূহ বিবেচনা করে আর কোন প্রস্তাবনা না পাওয়া গেলে নভেম্বরে অনুষ্ঠিতব্য পরবর্তী সমন্বয় সভায় অনুমোদন করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গ) সিটিসিডিআর সেন্টার একটি প্রস্তাবনা পেশ করবে। সকল প্রস্তাবনা পাওয়া গেলে নভেম্বরে অনুষ্ঠিতব্য পরবর্তী সমন্বয় সভায় অনুমোদন করে মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশাসন) |
| ০৯ | বিবিধ | টেলিযোগাযোগ অধিদপ্তরে যোগদানকারী কর্মকর্তার বিধি ও প্রাপ্যতা মোতাবেক বদলীজনিত ভ্রমণ-ভাতা প্রদান। | কর্মকর্তার বদলীজনিত ভ্রমণভাতা বিল দাখিল হলে বিধি অনুযায়ী নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ পরিচালক (অর্থ)/ উপপরিচালক (টেলিকম নিরাপত্তা) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ কামরুজ্জামান
অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও
টেলিযোগাযোগ বিভাগ এবং মহাপরিচালক
(অতিরিক্ত দায়িত্ব), টেলিযোগাযাগ অধিদপ্তর।

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২২০

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৮
২১ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৭) অফিস কপি।



আহাম্মদ উল্লাহ
উপপরিচালক